

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ কোন কোন মু'মিন ব্যক্তিকে মহান আল্লাহ দুনিয়াতে তার ভাল কর্মের প্রতিদান দেন যেভাবে তিনি দুনিয়াতে মন্দ কর্মের প্রতিদান দিয়ে থাকেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا قَدْ يُجَازِي الْمُؤْمِنَ عَلَى حَسنَاتِهِ فِي الدُّنْيَا كَمَا يُجَازِي عَلَى سَيّئَاتِهِ فِي الدُّنْيَا كَمَا يُجَازِي عَلَى سَيّئَاتِهِ فِيهَا

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدِ قَالَ: حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ الْمُؤْمِنَ حَسَنَةً يُثابِ عَلَيْهَا الرِّزْقَ فِي الدُّنْيَا ويُجزى بِهَا فِي الْآخِرَةِ فَأَمَّا الْكَافِرُ في طلعم بُحَسَنَاتِهِ فِي الدُّنْيَا فَإِذَا أَفْضَى إِلَى الْآخِرَةِ لَمْ تكن له حسنة يعطى بها خيراً.) للراوي: أنس بْن مَالِكٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المحدث: صحيح.

বাংলা

৩৭৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই মহান আল্লাহ মু'মিন ব্যক্তির উপর যুলম করেন না; দুনিয়াতে তার ভাল কর্মের প্রতিদান স্বরুপ রিষক দেওয়া হয় এবং পরকালেও তার প্রতিদান দেওয়া হবে। আর কাফের ব্যক্তি তার ভাল কর্মের বদৌলতে দুনিয়াতে পানাহার করে। কাজেই যখন সে পরকালে ধাবিত হয়, তখন প্রতিদান দেওয়ার মত আর কোন ভাল কর্ম থাকে না।"[1]

ফুটনোট

[1] মসুনাদ আহমাদ: ৩/১২৩; সহীহ মুসলিম: ২৮০৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১১৮; আত তায়ালিসী: ২০১১; সহীহ মুসলিম: ২৮০৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন